



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩.১৯

তারিখ: ১৬ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি, ২০২৩খ্রি.

ডিপ্লোমা পর্যায়ে শিক্ষাক্রমে সরকারি প্রতিষ্ঠানসমূহে ভর্তির ক্ষেত্রে মূল নম্বরপত্র জমাদান বিষয়ক বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে সরকারি প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা পর্যায়ে শিক্ষাক্রমে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের ১ম পর্বের প্রাতিষ্ঠানিক ভর্তি কার্যক্রম ২৯ জানুয়ারি, ২০২৩ খ্রি. হতে ০৬ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে মূল নম্বরপত্র জমা প্রদান করে সম্পন্ন করার নির্দেশনা থাকলেও কোন কোন বোর্ড ২০২২ সনের মূল নম্বরপত্র সরবরাহ করতে পারেনি মর্মে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডকে অবহিত করেছে। তদপ্রেক্ষিতে ২০২২ সনে উত্তীর্ণ শিক্ষার্থী যাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট বোর্ড সরবরাহ করেনি শুধু সেসকল শিক্ষার্থী মূল নম্বরপত্রের পরিবর্তে মূল রেজিস্ট্রেশন ও এডমিট কার্ড জমাদান সাপেক্ষে বর্ণিত তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে পারবে। তবে তাদের মূল নম্বরপত্র আগামী ১৬ ফেব্রুয়ারি, ২০২৩খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে জমা দিয়ে মূল রেজিস্ট্রেশন ও এডমিট কার্ড ফেরত নিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।


(মো: আলী আকবর খান) ২৬

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩.১৯(০৬)

তারিখ: ৩০/০১/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর/বিএমইটি, ঢাকা।
- ০৩। পরিচালক, আইআইসিটি, বুয়েট।
- ০৪। সচিব/পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ।
- ০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৮। নথি।


৩০/০১/২০২৩

(প্রকৌ. ফরিদ উদ্দিন আহমেদ)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।